100% Paid
Internship Oppertunity
at Print & Web Media
Call: 8013514556, 9231914537

বাংলার কাগজ, বাঙালির কাগজ

বাংলা কাগজ

বর্ষ ২ সংখ্যা ১২ | সোমবার, ৪ আগস্ট ২০১৪ banglakagaj@gmail.com

বৃষ্টিতে চিন্তায় কুমোরটুলির শিল্পীরা

হাতে গুনে পুজোর আর মাস দুয়েক বাকি। কুমোরটুলিতে এখন চরম ব্যস্ততা। কিন্তু দফায় দফায় বৃষ্টিতে ভাঁজ পড়েছে শিল্পীদের কপালে। প্রত্যেকের চিন্তা একটাই. এভাবে চললে কী করে প্রতিমার রঙ শুকবে? তুলির শেষটানটাই বা দেবে কবে. একটুখানির রোদের মুখ দেকে শিল্পীদের চিন্তা কিছুটা কমলেও পরক্ষণেই কালোমেঘের ঘনঘটায় আবারও চিন্তার ভাঁজ পড়ে যাচ্ছে কপালে. দিনের প্রায় অর্ধেক সময় প্লাস্টিকে মুড়ে রাখতে হচ্ছে প্রতিমা। এরমধ্যে আবাহাওয়া দফতরের পক্ষ থেকে জানান হয়েছে, এইরকম দফায় দফায় বৃষ্টি চলতেই থাকবে. ফলে কুমোরটুলির শিল্পীদের চিন্তা আরও দ্বিগুণ বেড়ে গিয়েছে।

রাজ্যে এনসেফেলাইটিস

কেন্দ্রকে দায়ী করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

এনসেফালইটিসে মৃত্যুর সংখ্যা দিন দিন বেড়েই চলেছে. কোনও ভাবেই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা সম্ভব হচ্ছে না. তবে এর কারণ হিসেবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কেন্দ্রকেই দায়ী করলেন. মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, কেন্দ্রের পক্ষ থেকে আগাম সতর্কতা না পাওয়ার জন্যই এই জ্বর মোকাবিলা করার ক্ষেত্রে রাজ্য সময় মতো যথাযথ ব্যবস্থা নিতে পারেনি. তিনি জানান, অসমে বেশ কিছুদিন ধরে এনসেফালইটিসের প্রকোপ বেড়েছিল। সেই খবর থাকা সত্ত্বেও পার্শ্ববর্তী রাজ্যগুলিকে সতর্ক করেনি কেন্দ্র। ফলে সমস্যা অনেকটাই বেড়ে গিয়েছে। যদিও এর আগে এনসেফালইটিস সংক্রান্ত বিষয়ে সাহায্যের আশ্বাস দিয়ে কেন্দ্রের স্বাস্থ্যমন্ত্রী হর্ষবর্ধন দুটি চিঠি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে. যদিও সেই চিঠির উত্তরে মুখ্যমন্ত্রী জানিয়ে দিয়েছিলেন, এই জ্বরের সংক্রমণ প্রতিরোধের জন্য রাজ্য সরকারের যথেষ্ট পরিকাঠামো রয়েছে. কিন্তু এদিন রাজ্যের মুখ্যমন্ত্রীর এনকেফালাইটিসে মৃত্যুর সংখ্যা বাড়াতে থাকার জন্য কেন্দ্রকে দায়ী করায় চটে গিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী হর্ষবর্ধন. এই প্রসঙ্গে তিনি বলেন, এনকেফালাইটিস প্রতিরোধে কেন্দ্র ও রাজ্য সরকার যাতে একসঙ্গে কাজ করতে পারে সেই ন্য আমি ২৩ ও ৩১ জুলাই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি লিখেছি। পশ্চিমবঙ্গে রোজ জাপানিস এনকেফালাইটিস ও অ্যাকিউট এনসেফ্যালাইটিস সিনড্রোমে মানুষ মারা যাচ্ছে. আমি উদ্বিগ্ন হয়ে রাজ্য সরকারকে চিঠি লিখলেও রাজ্য সরকারের পক্ষ থেকে কেউ আমার চিঠির উত্তর দেননি। হর্ষবর্ধনের এই ধরনের মন্তব্যের ফলে কিছুটা হলেও চাপের মুখে রাজ্য সরকার।

মণীন্দ্রচন্দ্র কলেজের অধ্যক্ষকে অপসারণের সিদ্ধান্তে স্থগিতাদেশ

রাজা মণীন্দ্রচন্দ্র কলেজের অধ্যক্ষকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্তের ওপর স্থগিতাদেশ দিল কলকাতা হাইকোর্ট। জানা গিয়েছে, অধ্যক্ষের অপসারণের সিদ্ধান্তে দুসপ্তাহ স্থগিতাদেশের নির্দেশ দিয়েছেন বিচারপতি দীপঙ্কর দত্ত। তিনি নির্দেশ দিয়েছেন স্থগিতাদেশ চলা পর্যন্ত অধ্যক্ষকে কাজ করতে দিতে হবে।

এক সপ্তাহ পরে ফের এই মামলার শুনানি হবে। গত শনিবারই অধ্যক্ষকে তাঁর পদ থেকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল কলেজ পরিচালন সমিতি।

অধ্যক্ষের বিরুদ্ধে তাদের অভিযোগ ছিল, আর্থিক দুর্নীতি সহ একাধিক অনিয়মের অভিযোগ রয়েছে। তবে অধ্যাপক ও ছাত্রদের একাংশের অভিযোগ, ভর্তির ক্ষেত্রে শাসকদলের নেতাদের প্রভাব খাটানো নিয়ে সরব হওয়ার কারণেই তাঁকে নিজের পদ থেকে সরে যাওয়ার মত সিদ্ধান্ত শুনতে হয়েছে। এরপরই পরিচালন সমিতির বিরুদ্ধে আদালতের দ্বারস্থ হন অধ্যক্ষ।

এবার পুজো করার অনুমতি পেল সোনাগাছির যৌনকর্মীরা

দুর্গাপুজো বাঙালীদের শ্রেষ্ঠ উতসব. এই সময় কারওর মধ্যে থাকে না কোনও দূরত্ব, কোনও ব্যবধান. সকলে মিলে পুজোর চারটে দিন চুটিয়ে মজা করে নিতে চায়. সকলের মধ্যেই পুজোকে ঘিরে থাকে নানা রকম আয়োজন. কিন্তু এতদিন বাঙালীর শ্রেষ্ঠ উতসব থেকে ব্রাত্য ছিল সোনাগাছির যৌনকর্মীরা. আর পাঁচটা সাধারণ মানুষের মত তারও পুজোর চারটে দিন আনন্দ করে কাটাতে চাইলেও কাটাতে পারত না. কারণ সোনাগাছিতে দুর্গাপুজো করার অনুমতি ছিল না. বারবার প্রশাসন, আইনের দ্বারস্থ হয়েও মেলেনি পুজো করার ছাড়পত্র. সব থেকে অদ্ভুত ব্যাপার হল বারবনিতা পল্লির মাটি ছাড়া দুর্গাপুজো শুরুই হয় না অথচ সেই বারনিতা দেরই দুর্গাপুজো করার অনুমতি ছিল না এতদিন. তবে এবার হাসি ফুটেছে সোনাগাছির যৌনকর্মীদের. এবার তারা নিজেরা পুজো করে নিজেদের মত আনন্দ করে চারটে দিন কাটাতে পারবে. এক যৌনকর্মীর জানান, অন্য পাড়ার পুজো প্যান্ডেলে গেলে অনেকে আমাদের দিকে বাঁকা চোখে তাকায়, আমাদের নিয়ে হাসি-ঠাট্টা করে, আমাদের মোটেই ভালো লাগে না. আমাদের ছেলে-মেয়েদের সঙ্গে অন্য পাড়ার ছেলে-মেয়ারা ঠিকমত ব্যবহার করে না, তবে এবার আর সেই সমস্ত কোনও ঝামেলা নেই. এবার তারা নিজেরাই পুজো করবে, নিজেরাই আনন্দ করবে.

জানা গিয়েছে সোনাগাছির বড় রাস্তার মোড়েই দুর্গাপুজো করবেন যৌনকর্মীরা, এবং থিম নির্ভর পুজো হবে. দুর্গোপুজো করার অনুমতি পাওয়ার কদিনের মধ্যেই খুঁটিপুজো সেরে নিয়েছেন তারা. এককথায় সোনাগাছিতে এখন থেকে মহোতসব শুরু হয়ে গিয়েছে বলা যেতে পারে. এই প্রসঙ্গে দুর্বার মহিলা সমন্বয় কমিটি সচিব এবম পুজোর উদ্যোক্তা ভারতী দে জানান, গতবছর সোনাগাছি মোড়ে পুজো করতে চেয়ে থানা আর আদালতে অনেক দৌড়াদৌড়ি করতে হয়েছে।যদিও তারা পুজো করার অনুমতি দিয়েছিল, কিন্তু রাস্তার মোড়ে পুজোর আয়োজন করা সম্ভব হয়নি। তাই এবার দুমাস আগে থেকেই প্রস্তুতি শুরু হয়েছে পুরোদমে।প্রত্যেকেই প্রায় কোমড় বঁধে লেগে পড়েছে পুজোর আয়োজন করতে. সকলের মধ্যে রয়েছে এখন চরম ব্যস্ততা. তিনি আরও জানান, এবারের দুর্গাপুজোয় অন্যান্য পাড়ার লোকজনও আসবেন তাদের পুজো দেখতে ফলে অন্যান্যদের সঙ্গে ওই চারটে দিন তাদের দূরত্ব হয়ত কিছুটা হলেও কমবে. তবে খুশির মধ্যেই রয়েছে কালো মেঘের ছায়া. সোনাগাছি দুর্গাপুজো করার অনুমতি পেলেই কালীঘাট ও বউবাজারের যৌনপল্লিতে দুর্গাপুজো করার অনুমতি এখনও মেলেনি প্রশাসনের পক্ষ থেকে. তবে এখনও হাতে যেহেতু সময় আছে তাই সেখানকার যৌনকর্মীরা আশাবাদী সোনাগাছির মত তারও এবার দুর্গাপুজো করার অনুমতি হয়ত পাবে।

যে কোনও ধরনের
ডিজাইন ও
প্রিন্টিংয়ের জন্য
ফোন করুন
9143382591
9231914537

100% Paid
Internship Oppertunity
at Print & Web Media
Call: 8013514556, 9231914537

নেপালকে একশো কোটি ডলার দেবেন মোদি

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নেপালে দুই দিনের রাষ্ট্রীয় সফরে গিয়ে সেই দেশের উন্নয়নের জন্য নতুন করে ১শ' কোটি ডলার স্বল্প সুদের ঋণ দেওয়ার কথা ঘোষণা করেছেন । রবিবার ভারতীয় বিমান বাহিনীর একটি বিশেষ বিমানে করে মোদি নেপাল যান। রাজধানী কাঠমাণ্ডুতে পৌঁছানোর পর সেখানে তাকে লাল গালিচা দিয়ে সংবর্ধনা জানান নেপালের প্রধানমন্ত্রী সুশীল কৈরালা।

দীর্ঘ ১৭ বছর পর ভারত সরকারের প্রধান হিসেবে মোদি কাঠমাণ্ডু সফরে গেলেন। সফরকালে প্রতিবেশী দেশের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক জোরদার ও দ্বিপাক্ষীক বাণিজ্য নিয়ে বেশ কয়েকটি চুক্তি স্বাক্ষর হবে বলে দুই দেশের কর্মকর্তারা জানিয়েছেন।

দু দিনের সফরে নেপালের মাওবাদীরাসহ অন্যান্য রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে মোদির বৈঠক কারার কথা রয়েছে বলে বিশেষ সূত্রে জানা গিয়েছে। নেপাল সফরের আগে এক বিবৃতিতে মোদি বলেন, সফরে ব্যবসা, বিনিয়োগ, জলবিদ্যু, কৃষি ও পরিবেশসহ দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ওপর গুরুত্ব দেওয়া হবে। প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতায় আসার পর ভুটানে প্রথম বিদেশ সফরে গিয়েছিলেন মোদি।

বাংলা কাগজ-এ আপনিও হয়ে যান
একজন সাংবাদিক
সংবাদটি লিখে পাঠিয়ে দিন
creativemedia.bz@gmail.com আইডি-তে

মৃত মায়ের গর্ভের সন্তান আলো দেখল পৃথিবীর

গাজার দেইর আল বালাহ নামে এক শহরে ইসরায়েলের বর্বরোচিত হামলায় ২৩ বছর বয়সী এক মহিলার মৃত্যুর পর তার গর্ভ থেকে জন্ম নিল এক কন্যা শিশু। মায়ের মৃত্যুর পর গর্ভের সন্তান বেঁচে থাকার ঘটনাকে চিকিসকরাও এক কথায় অলৌকিক' বলছেন।

জানা গিয়েছে, নিরাপদ ভেবে ওই পরিবারের সদস্যরা একটি ছোট বাড়িতে আশ্রয় নিয়েছিল। কিন্তু ইজরায়েলের বিমানবাহিনীর ছোড়া একটি ক্ষেপণাস্ত্র এসে পড়ায় বাড়িটি মুহূর্তের মধ্যে ধূলিসা হয়ে যায়। হামলার পর ধ্বংসস্তূপের মধ্যেই ওই প্রসূতির মৃত্যু হয়। এরপর তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং অস্ত্রোপচারের মাধ্যমে বাচ্চাটিকে মৃত মায়ের গর্ভ থেকে বের করা হয়।

এই প্রসঙ্গে, এক ফিলিস্তিনি ডাক্তার জানান, এমন দৃশ্য দেখা সত্যিই বেদনার। একজন মায়ের সঙ্গে শেষ হয়ে যাচ্ছিল তার ভেতরে তিল তিল করে বেড়ে ওঠা আরেক সত্ত্বা। ঘটনার ৩ ঘণ্টার মধ্যে মৃত মায়ের গর্ভ থেকে বাচ্চাটিকে বের করা হয়। মায়ের মৃত্যুর সঙ্গে সঙ্গেই শিশুটির জীবন সংকটজনক হয়ে পড়ে। শ্বাস নিতে কষ্ট হয়। তাকে ভেন্টিলেশনে রাখা হয়েছে। যেখানে ইসরায়েলিরা একের পর এক শিশু হত্যা করে চলেছে, সেখানে নতুন প্রাণের সঞ্চার হয়ত যুদ্ধ সমাপ্তির কথা বলতে চাইছে বলেই অনেকে ব্যাখ্যা করছেন।

গাড়ির মধুচক্র ভাঙল পুলিশ

গুজরাটের রাজপথে ভ্রাম্যমান সেক্স ট্যুরে হামলা চালিয়ে মধুচক্র ভেঙে দিল পুলিশ। গুজরাট পুলিশ আহমেদাবাদের সড়কের মধুচক্রে হানা দিয়ে গ্রেফতার করেছে ৫ যুবতীসহ ৩ যুবককে । পুলিশের দাবি, রাজপথে দাঁড়িয়ে গাড়িতেই চলত মধুচক্রের আসর। স্থানীয় পুলিশের ডিএসপি সংবাদমাধ্যমকে জানান, একটি অজ্ঞাত নম্বর থেকে ফোন পেয়ে পুলিশ অভিযান চালায়। ওই ফোনকলের ভিত্তিতে খোদ পুলিশই গ্রাহক সেজে আহমেদাবাদের রাজপথে চলা মধুচক্রের আসরটি ভেঙে দেয়। পুলিশের জালে ধরা পড়া ৫ যুবতীর বয়স ২০ থেকে ২২ বছর। জানা গিয়েছে, এরা প্রত্যেককেই পশ্চিমবঙ্গ এবং মুম্বাই থেকে নিয়ে যাওয়া হয়েছিল।

ন্যূনতম খরচে সকলকে কম্পিউটার
শিক্ষায় শিক্ষিত করে তুলতে
২৬নং ওয়ার্ডের অধিবাসীবৃন্দের জন্য
দিব্যজ্যোতি-র
একটি অনন্য প্রয়াস

দিব্যজ্যোতি
কম্পিউটার ট্রেনিং ইন্সটিটিউট
ভর্তির জন্য দিব্যজ্যোতি-র অফিসে যোগাযোগ করুন
যোগাযোগ : পঙ্কজ কেডিয়া
8697130370
কম্পিউটারের সব ধরনের কোর্স থাকছে

'বাংলা সাহিত্য' ওয়েব ম্যাগাজিনে
শর্মিলা চন্দ্র-র ধারাবাহিক

100% Paid
Internship Oppertunity
at Print & Web Media
Call: 8013514556, 9231914537

পিকের পোস্টার পর্তুগিজ অ্যালবামের নকল



বলিউডের মি. পারফেকশনিস্ট আমির খান এবার ব্যাপক সমালোচনার মুখে পড়েছেন। পিকে ছবির পোস্টারে নিজের নগ্ন ছবির কারণে এ সমালোচনার শুরু। আর তা শুধু সমালোচনাতেই তেমে থাকেনি, অশ্লীলতার অভিযোগে আদালতে মামলাও হয়েছে।

এখন শোনা যাচ্ছে ওই পোস্টারের আইডিয়াও চুরি করা।

১৯৭৩ সালের একটি পর্তুগিজ মিউজিক অ্যালবমের পোস্টারও প্রায় একই ছিল। ওই পোস্টারে দেখা যায়, বিখ্যাত পর্তুগিজ সংগীতজ্ঞ কুইম ব্যারিরস নগ্ন অবস্থায় একটি সংগীত যন্ত্র নিয়ে দাঁড়িয়ে আছেন।

এর আগে ধুম ৩' ছবির পোস্টারও নকলের কথা শোনা গেছে। অভিযোগ ছিল ডার্ক নাইট' ছবির পোস্টারের নকল ছিল ধুম ৩ ছবির পোস্টার।

উল্লেখ্য, কয়েকদিন আগে আমির খানের পিকে ছবির পোস্টার উন্মুক্ত করা হয়েছে। পোস্টারে দেখা যাচ্ছে সম্পূর্ণ নগ্ন আমির খান শুধু একটি টেপ রেকর্ডার দিয়ে নিজের গোপনাঙ্গ ঢেকে রেখেছেন।

পোস্টারে এমন পুরুষ চরিত্রের নগ্ন ছবি ভারতের চলচ্চিত্রের ইতিহাসে এই প্রথম।

ইইইপিএস আয়েজিত ফ্যাশান শো কাম লাইফ স্টাইল এগজিবিশনে উপস্থিত গ্লোবাল ব্র্যান্ড অ্যাম্বাসাডার এবং অভিনেত্রী রিচা শর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফ্যাশান ডিজাইনার অভিষেক নাইয়া, কার্ত্তিক কাপূরও।

সিএ কনভনশন : সিএ ছাত্রদের জন্য দু'দিনের কনভেনশন অনুষ্ঠিত হল সায়ন্সিটি অডিটারিয়াম। ২৬-২৭ জুলাই চল এই কনভেনশন। আয়োজন ইর্স্টান ইন্ডিয়া রিজিওনাল কাউন্সিল এবং ইস্টার্ন ইন্ডিয়া চাটার্ড অ্যাকাউটেন্ট স্টুডন্টস অ্যাসোসিয়েশন। প্রধান অতিথি হিসেবে ছিলেন প্রাক্তন মহিলা আইপিএস অফিসার কিরন বেদি সারা ভারত থেকে প্রায় ২৫০০ সিএ ছাত্র উপস্থিত ছিলেন। সিএ ছাত্রদের এই বিষয়ে জ্ঞান বাড়াতে আয়োজিত হয়েছিল এই কনভেনশন।

যুবরাজকে নিয়ে ছবি বানাবেন অভিষেক

বলিউডে এখন ফিল্মের হট টপিক খেলা বলা যেতে পারে। আর হবেই বা না কেন? খেলা নিয়ে আজ পর্যন্ত যে কটি ছবি হয়েছে তার প্রায় সব কটাই সুপার হিট হয়েছে। শাহরুখ খানের চক দে ইন্ডিয়া', ফারহান আখতারের ভাগ মিলখা ভাগ' শিরোমানের শীর্ষে।

এর পাশাপাশি সম্প্রতি অলিম্পিক পদক জয়ী বক্সার মেরি কমের জীবন নিয়েও ছবি হচ্ছে বলিউডে। এবার পালা ইন্ডিয়ান ক্রিকেট টিমের যোদ্ধা যুবরাজ সিংয়ের। বলিউডের অভিনেতারা খেলা নিয়ে মেতেছেন। জুনিয়ার বচ্চনও সম্প্রতি কাবাডি টিমের মালিক হয়েছেন। জয়পুরে তার টিম পিঙ্ক প্যানথারস'য়ের একটি সংবাদ সম্মেলনে এসে অভিষেক জানান তিনি যুবরাজ সিংয়ের জীবন নিয়ে ছবি বানাতে চান।

অভিষেক বলেন, আমি যুবরাজ সিংকে নিয়ে ছবি বানাতে চাই। ওর জীবন অন্যধারার। ওকে একজন প্রকৃত যোদ্ধা বললে ভুল হবে না। আমি কপিল দেব, সুনীল গাভাস্কার, শচীন তেন্ডুলকার, সৌরভ গাঙ্গুলি, মহেন্দ্র সিং ধোনির নাম সহজেই বলতে পারতাম কিন্তু আমি কাউকে অসন্মান না করে যুবরাজের কথাই বলব।

অভিষেক আরও বলেন, ওর কেরিয়ার আর ওর লড়াই করার ক্ষমতা আমি পছন্দ করি। ইয়ং সুপারস্টার হওয়া, ক্যান্সারের সঙ্গে লড়াই করা, ক্রিকেটে ফিরে আসা, বিশ্বকাপ খেলা সবই অসাধারণ। এক কথায় প্রশংসার দাবি রাখে. তবে ঠিক কবে থেকে শুরু হবে এই ছবি সে বিষয়ে সঠিক কিছু জানাননি অভিষেক বচ্চন।

আবারও অনস্ক্রিনে শ্রদ্ধা-আদিত্য

আশিকি ২- এর পর আবার দর্শকদের মন জয় করতে ফিরে আসছেন আদিত্য রায় কাপুর ও শ্রদ্ধা কাপুর জুটি। পান সিং টোমার' খ্যাত পরিচালক তিগমাংশু ধুলিয়ার মিলন টকিস' ছবিতে একসঙ্গে দেখা যেতে পারে তাদের।

প্রথমে ছবিটিতে ইমরান খান এবং প্রিয়াঙ্কা চোপড়ার অভিনয় করার কথা ছিল। কিন্তু পরবর্তী সময়ে ইমরান ও প্রিয়াঙ্কা দুজনেই নিজেদের ব্যক্তিগত কারণে রাজি হননি। তারপরে শাহিদ কাপুরকে মুখ্য ভূমিকায় নেওয়ার কথা তিগমাংশু নিজেই জানিয়েছিলেন। তবে পরে তা বদলে আদিত্য রায় কাপুর নির্বাচিত হন মুখ্য ভূমিকায় অভিনয়ের জন্য।

আদিত্য এবং শ্রদ্ধা তিন পাত্তি', লন্ডন ড্রিমস' ছবি দিয়ে কেরিয়ার শুরু করলেও সাফল্য পান ২০১৩ সালের ব্লকবাস্টার আশিকি ২' ছবির মধ্য দিয়ে। যদিও এই প্রসঙ্গে আদিত্য বা শ্রদ্ধা কেউই মুখ খুলতে রাজি হননি। আপাতত দুই তারকাই তাদের আসন্ন ছবি দাওয়াত-এ-ইসক' এবং এনি বডি ক্যান ডান্স ২' নিয়ে খুব ব্যস্ত।

বিদ্যার কাহানি নিয়ে হলিউডে ডেইটি

হলিউডি চলচ্চিত্রের কাহিনী অবলম্বণে বলিউডে চলচ্চিত্র নির্মাণ নতুন কিছু নয়। তবে এবারই প্রথম বিদ্যা বালান অভিনীত বলিউডের কাহানি' চলচ্চিত্রটির কাহিনী অবলম্বণে হলিউডে ডেইটি' নামে একটি চলচ্চিত্র নির্মিত হতে চলেছে। বছর দুয়েক আগে বিদ্যা বালান অভিনীত কাহানি' চলচ্চিত্রটি বলিউডে ব্যাপক আলোড়ন তৈরি করেছিল। সুজয় ঘোষ পরিচালিত এই চলচ্চিত্রটিতে বিদ্যার বিপরীতে ছিলেন টালিগঞ্জের আলোচিত নায়ক পরমব্রত। চলচ্চিত্রটির কাহিনীতে দেখা গিয়েছিল, স্বামীর খোঁজে কলকাতায় আসেন গর্ভবর্তী বিদ্যা বালান। তারপর অনেক রহস্যময় ঘটনা আর চড়াই উতড়াই পেরিয়ে কাঙ্খিত স্বামীকে খুঁজে পান তিনি। কিন্তু শেষ রক্ষা পায়নি তার স্বামী। নিজের হাতেই স্বামীকে হত্যা করেছিলেন বিদ্যা।

চক্রান্ত, রহস্য আর হত্যার মায়াজালে ঘেরা এই গল্পটি মনে ধরেছে হলিউডের দ্য গার্ল উইথ দ্য ড্রাগন ট্যাটু' চলচ্চিত্রটির পরিচালক নিলস আর্ডেন অপলেভের। তাই দ্য মোটর সাইকেল ডাইরিজ' এর জোস রিভেরা এবং তেহরান' খ্যাত রির্চাড রেগেন কাহানি'র চিত্রনাট্য নিয়ে ইতিমধ্যে কাজ শুরু করে দিয়েছেন। এখানে দেখা যাবে, স্বামীর খাঁজে যুক্তরাষ্ট্র থেকে কলকাতায় আসেন এক মহিলা। তারপর চিত্রনাট্য অনুযায়ী গল্প এগবে. সবকিছু ঠিকঠাক থাকলে খুব শিগগিরই কলকাতায় হলিউডের এই চলচ্চিত্রটির শ্যুটিং শুরু হবে বলে জানিয়েছে যশরাজ ফিল্মস। কারণ এই চলচ্চিত্রটির আর্ন্তজাতিক বিপননের দিকটি দেখছে তারা। এখন দেখার বিদ্যার কাহানির মত এই ডেউটি দর্শকদের মন জয় করতে কতটা সফল হতে পারে.

Start your MEDIA CAREER at...

CREATIVE MEDIA
INSTITUTE of Media and Communication

CMIMC

CREATIVE MEDIA INSTITUTE OF MEDIA AND COMMUNICATION

with 100% PAID Internship Oppertunity at Print & Web Media

- Post Graduate Diploma in Professional Journalism & Communication (1 year)

Be a MEDIA STAR...

- Certificate Course in Journalism (6 months)

100% Practical Class

CREATIVE MEDIA INSTITUTE OF MEDIA & COMMUNICATION

89 BEADON STREET, KOLKATA 700006

Email : info.cmimc@gmail.com

Mobile: 9231914537, 8013514556

100% Paid
Internship Oppertunity
at Print & Web Media
Call: 8013514556, 9231914537

ভারত রক্ষনাত্মক ক্রিকেট খেলছে: স্টর্স

ভারতের টেস্ট ম্যাচ জিততে আরও বেশি আক্রমনাত্মক হতে হবে। এই ভাবে ইংল্যান্ড থেকে সিরিজ জিতে দেশে ফিরতে পারবে না ধোনিরা। এমনটাই মত ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক অ্যান্ড্রু স্টর্সের। ইংল্যান্ডের মাটিতে টেস্ট সিরিজ খেলছে ভারত। সিরিজ ১-১। লর্ডসে টেস্ট জিতলেও রোসবোলে টেস্ট হেরেছে ভারত। একপ্রকার কুকদের সামনে দাঁড়াতেই পারেননি ধোনিরা। প্রাক্তন ইংল্যান্ড অধিনায়ক বলেছেন, ধোনিদের এখান থেকে সিরিজ জিতে যাওয়া মুশকিল রয়েছে। তিনি বলেছেন, 'ভারত মুশকিলে পড়েছে। আরও মুশকিলে পড়বে যদি চার পেসার নিয়ে খেলে। মনে করি না, চার পেসার নিয়ে খেললে টেস্ট জিততে পারবে। বুঝি যে পিচের পরিস্থিতি দেখে প্রথম এগারো ঠিক হয়। তাও বলছি চার পেসার খেলানোর সিদ্ধান্ত ভুল হবে।' এখনও পর্যন্ত অশ্বিনকে খেলানো হয়নি। অবাক হয়েছেন স্টর্স। বলেন, 'অশ্বিনকে নিয়ে এসেও খেলানো হচ্ছে না। অবাক হয়েছি। এছাড়া আরও বেশি অবাক হয়েছি। বিনিকে বসিয়ে অতিরিক্ত ব্যাটসম্যান খেলানো হচ্ছে। এতে বোঝা যাচ্ছে ভারত রক্ষনাত্মক ক্রিকেট খেলতে চাইছে। এই ভাবে টেস্ট জেতা যায় না। আক্রমনাত্মক হতে হবে।

লর্ডসে টেস্ট হারার পর ২৬৬ রানে ইংল্যান্ড জিতেছে। কুকরা সিরিজে ফিরে এসেছেন। এমনটাই মনে করছেন ইংল্যান্ডের প্রাক্তন ওপেনার। বলেন, 'লর্ডসে হারার পর কুকরা সিরিজে ফিরেছে। গোটা দল ভালো ক্রিকেট খেলেছে। টস জেতা থেকে রোসবোলে ভারত চাপে ছিল। কুক ফমড়ে ফিরেছে। ইয়ান বেল রান পয়েছে। অ্যান্ডরসন এবং ব্রড দারুণ বোলিং করেছে। এই সিরিজে ইংল্যান্ডের আত্মবিশ্বাস ফিরে এসেছে। কুক বেশ চাপে ছিল। ওকে নিয়ে সমালোচনা হচ্ছিল। দেখিয়ে দিয়েছে যে ও কতটা ম্যাচিওর ক্রিকেটার। এখান থেকে ইংল্যান্ড সিরিজ জিততেই পারে।'

আন্তর্জাতিক ফুটবল থেকে বিদায় নিলেন জাভির

আন্তর্জাতিক ফুটবলকে বিদায় জানালেন বার্সেলোনা মিডফিল্ডার জাভি হার্নান্দেজ। ৩৪ বছর বয়সী এই মিডফিল্ডার স্পেনের হয়ে বিশ্বকাপ জয়ের পাশাপাশি জয় করেছেন দুই ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ। জাভি ২০০৮ সালে স্পেনের ইরোপিয়ান চ্যাম্পিয়নশিপ জয়ের পথে হয়েছিলেন সেরা খেলোয়াড়। তারপর ২০১০ সালে স্পেনের বিশ্বকাপ জয়ের অন্যতম কাড়িগড় ছিলেন তিনি। ২০১২ সালে ইরোপিয়ান চ্যাম্পিয়নশিপ জয় করে স্পেনের টানা তিন বড় টুর্নামেন্ট জয়ে ইতিহাস গড়ার অংশ ছিলেন তিনি।

সম্প্রতি বিশ্বকাপ ব্যর্থতার পর বার্সেলোনায় তার থাকাটা অনিশ্চিত হয়ে পড়েছিল। কিন্তু বার্সা কোচ এনরিখ তাকে আরও এক বছরের জন্য দলে রেখে দেন। আর সেই সুযোগে প্রাক-মরশুমের ম্যাচগুলোতে স্বরূপে ফিরে কিছুটা স্বস্তিতে ফিরেছেন এই বার্সা তারকা। আর এমন একটা সময়কেই তিনি আন্তর্জাতিক কেরিয়ারের সীমারেখা টানার জন্য বেছে নিলেন।এই প্রসঙ্গে জাভি বলেন, জাতীয় দল থেকে সরে দাঁড়ানো সিদ্ধান্ত নিয়েছি আমি। আমার সময় শেষ হয়ে গেছে। আমি ফেডারেশনের সবার কাছে কৃতজ্ঞ।

রাশিয়াতেই বিশ্বকাপ: ফিফা

রাশিয়াতে ফুটবল বিশ্বকাপ নিয়ে জটিলতা বাড়ছে। এমএইচ ১৭ ধ্বংস হোয়ার পর রাশিয়া এবং ইউকরেনের মধ্যে বিবাদ চলছে। গোটা বিশ্ব রাশিয়াকে কাঠগড়ায় দাঁড় করিয়েছে। নেদারল্যানডস ফুটবল বিশবকাপো থেকে নিজেদের সড়িয়ে নেওয়ার জন্য আলোচনায় বসবে বলে জানিয়েছে। তবে ফিফা সাফ জানিয়ে দিয়েছে রাশিয়াতেই বিশবকাপ হবে। ফিফার তরফ থেকে জানানো হয়েছে, ফুটবলের বিশব নিয়ামক সংসথা হিসেবে ফিফার দায়িতব রয়েছে। সেখান থেকে সরে আসা যায় না। রাশিয়াতে হলে বিশবে শান্তি ফিরে আসবে।

আইএসেলে রবড়াট পাইরেস

আইএসেলে বড় চমক হতে চলেছে ফরানসের রবারটো পাইরেস। আসড়েনালের এই ফুটবলারকে ভারতে আইএসেলে খেলতে দেখা যাবে। এমনটাই জানিয়েছে আইএসেল কতড়ারা। ৪০ বছর বয়সি এই তারকা জানিয়েছেন, 'আমি আসেরন ওয়েঙগারের কোচিংয়ে অনুশীলন করছি| নতুন দেশে ফুটবল খেলা চ্যালেঞ্জ। তবে এটা উপোভোগ করার। এটা জানি, ভারত করিকেটের জন্য বিখ্যাত।

ইন্ডিয়ান সুপার লিগের ক্রীড়াসূচী

তারিখ	দল	দল	স্থান
১২ অক্টোবর	কলকাতা	মুম্বই	কলকাতা
১৩ অক্টোবর	বেঙ্গালুরু	গোয়া	বেঙ্গালুরু
১৪ অক্টোবর	কোচি	গুয়াহাটি	কোচি
১৫ অক্টোবর	দিল্লি	পুণে	দিল্লি
১৬ অক্টোবর	মুম্বই	বেঙ্গালুরু	মুম্বই
১৭ অক্টোবর	গোয়া	কলকাতা	গোয়া
১৮ অক্টোবর	পুণে	কোচি	পুণে
১৯ অক্টোবর	গুয়াহাটি	দিল্লি	গুয়াহাটি
২১ অক্টোবর	কোচি	বেঙ্গালুরু	কোচি
২২ অক্টোবর	কলকাতা	দিল্লি	কলকাতা
২৩ অক্টোবর	গোয়া	পুণে	গোয়া
২৪ অক্টোবর	মুম্বই	গুয়াহাটি	মুম্বই
২৫ অক্টোবর	কোচি	কলকাতা	কোচি
২৬ অক্টোবর	বেঙ্গালুরু	দিল্লি	বেঙ্গালুরু
২৭ অক্টোবর	পুণে	মুম্বই	পুণে
২৮ অক্টোবর	গোয়া	গুয়াহাটি	গোয়া
৩০ অক্টোবর	মুম্বই	কোচি	মুম্বই
৩১ অক্টোবর	দিল্লি	গোয়া	দিল্লি
১ নভেম্বর	পুণে	কলকাতা	পুণে
২ নভেম্বর	গুয়াহাটি	বেঙ্গালুরু	গুয়াহাটি
৩ নভেম্বর	মুম্বই	গোয়া	মুম্বই
৪ নভেম্বর	কোচি	দিল্লি	কোচি
৫ নভেম্বর	পুণে	গুয়াহাটি	পুণে
৬ নভেম্বর	কলকাতা	বেঙ্গালুরু	কলকাতা
৭ নভেম্বর	দিল্লি	মুম্বই	দিল্লি
৮ নভেম্বর	গোয়া	কোচি	গোয়া
৯ নভেম্বর	বেঙ্গালুরু	পুণে	বেঙ্গালুরু
১০ নভেম্বর	গুয়াহাটি	কলকাতা	গুয়াহাটি
১১ নভেম্বর	কোচি	মুম্বই	কোচি
১২ নভেম্বর	গোয়া	দিল্লি	গোয়া
১৩ নভেম্বর	বেঙ্গালুরু	গুয়াহাটি	বেঙ্গালুরু
১৪ নভেম্বর	কলকাতা	পুণে	কলকাতা
১৫ নভেম্বর	মুম্বই	দিল্লি	মুম্বই
১৬ নভেম্বর	কোচি	গোয়া	কোচি
১৭ নভেম্বর	কলকাতা	গুয়াহাটি	কলকাতা
১৮ নভেম্বর	পুণে	বেঙ্গালুরু	পুণে
২০ নভেম্বর	গুয়াহাটি	মুম্বই	গুয়াহাটি
২১ নভেম্বর	পুণে	গোয়া	পুণে
২২ নভেম্বর	দিল্লি	কলকাতা	দিল্লি
২৩ নভেম্বর	বেঙ্গালুরু	কোচি	বেঙ্গালুরু
২৫ নভেম্বর	গুয়াহাটি	পুণে	গুয়াহাটি
২৬ নভেম্বর	দিল্লি	কোচি	দিল্লি
২৭ নভেম্বর	গোয়া	মুম্বই	গোয়া
২৮ নভেম্বর	বেঙ্গালুরু	কলকাতা	বেঙ্গালুরু
২৯ নভেম্বর	কোচি	পুণে	কোচি
৩০ নভেম্বর	দিল্লি	গুয়াহাটি	দিল্লি
১ ডিসেম্বর	কলকাতা	গোয়া	কলকাতা
২ ডিসেম্বর	বেঙ্গালুরু	মুম্বই	বেঙ্গালুরু
৪ ডিসেম্বর	পুণে	দিল্লি	পুণে
৫ ডিসেম্বর	গুয়াহাটি	কোচি	গুয়াহাটি
৬ ডিসেম্বর	গোয়া	বেঙ্গালুরু	গোয়া
৭ ডিসেম্বর	মুম্বই	কলকাতা	মুম্বই
৯ ডিসেম্বর	গুয়াহাটি	গোয়া	গুয়াহাটি
৯ ডিসেম্বর	দিল্লি	বেঙ্গালুরু	দিল্লি
১০ ডিসেম্বর	মুম্বই	পুণে	মুম্বই
১০ ডিসেম্বর	কলকাতা	কোচি	কলকাতা
সেমিফাইনাল (হোম অ্যান্ড অ্যাওয়ে)			
১৩ ডিসেম্বর	টিম ৪	টিম ১	টিম ৪
১৩ ডিসেম্বর	টিম ৩	টিম ২	টিম ৩
১৬ ডিসেম্বর	টিম ১	টিম ৪	টিম ১
১৬ ডিসেম্বর	টিম ২	টিম ৩	টিম ২
ফাইনাল			
২০ ডিসেম্বর			নিরপেক্ষ ভেন্যু

কোচের পরামর্শ

ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজে রানে নেই বিরাট কোহলি। ব্যাটিংয়ে সমস্যা তৈরি হয়েছে। ছেলেবেলার কোচ রাজকুমার শর্মা চিন্তিত। স্কোয়ারে শট খেলতে বারণ করেছেন তিনি। এমনটাই পরামর্শ তাঁর। রাজকুমার বলেছেন, 'ওর ছ'টি টেস্ট সেঞ্চুরি রয়েছে। ভালো ব্যাটসম্যান। তবে এখন একটু সমস্যা হয়েছে। আমি নিয়মিত চ্যাট করি। বলেছি, স্কোয়ার শট না খেলতে। ফ্লিক করতেও বারণ করেছি।' মোট চার ইনিংসে মাত্র ৩৪ রান করেছেন বিরাট। এখন তিনি রানে ফিরতে মরিয়া।

ক্রিয়েটিভ মিডিয়ার পক্ষ থেকে বিপ্লব রায় কর্তৃক ৮৯, বিডন স্ট্রিট, কলকাতা ৭০০০০৬ থেকে প্রকাশিত। সম্পাদক : শর্মিলা চন্দ্র। সম্পাদকীয় কার্যালয় : ৮৯, বিডন স্ট্রিট, কলকাতা ৭০০০০৬
ইমেল : banglakagaj@gmail.com, creativemedia.bz@gmail.com, ওয়েবসাইট : www.banglakagaj-epaper.webs.com